

আজ সৃষ্টি-সুখের উল্লাসে

কাজী নজরুল ইসলাম

আজ সৃষ্টি-সুখের উল্লাসে
মোর মুখ হাসে মোর চোখ হাসে মোর টগবগিয়ে খুন হাসে
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

আজকে আমার রুদ্ধ প্রাণের পল্লভে
বান ডেকে ঐ জাগল জোয়ার দুয়ার-ভাঙা কল্লোলে।
আসল হাসি, আসল কাঁদন,
মুক্তি এলো, আসল বাঁধন,
মুখ ফুটে আজ বুক ফাটে মোর তিক্ত দুখের সুখ আসে।
ঐ রিক্ত বকের দুখ আসে –
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

আসল উদাস, শ্বসল হতাশ,
সৃষ্টিছাড়া বুক-ফাটা শ্বাস,
ফুললো সাগর দুললো আকাশ ছুটলো বাতাস,
গগন ফেটে চক্র ছোটে, পিণাক-পাণির শূল আসে।
ঐ ধুমকেতু আর উল্কাতে,
চায় সৃষ্টিটাকে উলটাতে,
আজ তাই দেখি আর বক্ষে আমার লক্ষ বাগের ফুল হাসে
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

আজ হাসল আগুন, শ্বসল ফাগুন,
মদন মারে খুন-মাখা তুণ
পলাশ অশোক শিমূল ঘায়েল
ফাগ লাগে ঐ দিক্-বাসে
গো দিগ্বালিকার পীতবাসে;
আজ রঙ্গন এলো রক্ত প্রাণের অঙ্গনে মোর চারপাশে
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

আজ কপট কোপের তুণ ধরি
ঐ আসল যত সুন্দরী,
কারুর পায়ে বুক-ডলা খুন, কেউ বা আগুন,
কেউ মানিনী চোখের জলে বুক ভাসে।
তাদের প্রাণের 'বুক-ফাটে-তাও-মুখ ফোটে-না' বাণীর বীণা মোর পাশে,
ঐ তাদের কথা শোনায় তাদের
আমার চোখে জল আসে
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

আজ আসল উষা, সন্ধ্যা, দুপুর,
আসল নিকট, আসল সূদূর,
আসল বাধা-বন্ধ-হারা ছন্দ-মাতন

ঐ পাগলা-গাজন-উচ্ছাসে।
আসল আশিন শিউলি শিথিল
হাসল শিশির দুব্বাসে।
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

আজ জাগল সাগর, হাসল মরু,
কাঁপল ভূধর, কানন তরু,
বিশ্ব-ডুবান্ আসল তুফান, উছলে উজান
ভৈরবীদের গান ভাসে,

মোর ডাইনে শিশু সদ্যোজাত জরায় মরা বাম পাশে।
মন ছুটছে গো আজ বল্লাহারা অশ্ব যেন পাগলা সে
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।
আজ সৃষ্টি-সুখের উল্লাসে।

সৌজন্যেঃ নজরুল রচনাবলী, বাংলা একাডেমী ঢাকা, ১৯৯৬, ১ম খন্ড, পৃঃ ৪৭-৪৮

[Home](#)